



স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০২.১৪.০০১.২৩-২৬৮ (২৩০)

তারিখঃ ২০-১১-২০২৩খ্রিঃ।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি অর্থে গৃহীত প্রকল্পের মধ্যে হতে আপনার প্রতিষ্ঠানে বরাদ্দকৃত টাকা উত্তোলনের জন্য ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট PIC (Project Implementation Committee) কমিটি গঠন এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ জেলা পরিষদ শাখার স্মারক নং ৪৬.০০.০১০০.০৪২.১৪.০৪২.১৭-২৩০৬ তারিখ ১৪-১১-২০২৩খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জেলা পরিষদ এডিপির খাতের অর্থে গৃহীত প্রকল্পের মধ্যে হতে আপনার প্রতিষ্ঠান/ সংস্থার অনুকূলে টাকার একটি প্রকল্প অনুমোদন করা হয়েছে। উক্ত প্রকল্পটি PIC কমিটির এর মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্নরূপ PIC কমিটি গঠন পূর্বক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ থাকে যে, প্রতিষ্ঠান/সংস্থার পরিচালনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট PIC কমিটি গঠন করতে হবে। সভার কার্যবিবরণীর ছায়ালিপি উক্ত সভার সভাপতি (পরিচালনা কমিটির সভাপতি) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং তিনিই তা Forwarding সহকারে অত্রফিসে প্রেরণ করবেন। বর্তমান কমিটির সভাপতি যদি PIC এর সভাপতি না হন সে ক্ষেত্রে পরিচালনা কমিটির সভায় সিদ্ধান্ত মোতাবেক মনোনীত সভাপতির নাম উল্লেখ পূর্বক তার স্বাক্ষর বর্তমান কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত করে (Forwarding এর নীচের অংশ) দাখিল করতে হবে। তবে বর্তমান কমিটির সভাপতি ও PIC এর সভাপতি একই ব্যক্তি উল্লিখিতভাবে স্বাক্ষর সত্যায়িত করার প্রয়োজন নাই।

PIC কমিটি গঠনের নির্দেশিকা নিম্নরূপ :


| | | | | | |
|-----|------------|---|--|-----------|-------|
| ০১। | সভাপতি | : | ম্যানেজিং কমিটির সভাপতি/কমিটি কর্তৃক মনোনীত কোন সদস্য | ০১ জন | |
| ০২। | সদস্য সচিব | : | প্রধান শিক্ষক/সমাজ কর্মি/মসজিদের ইমাম/মোয়াজ্জিদ/গণ্যমান্য ব্যক্তি | ০১ জন | |
| ০৩। | সদস্য | : | ম্যানেজিং কমিটির সদস্য/গণ্যমান্য ব্যক্তিবর্গ হতে ০২ জন এবং উক্ত এলাকার ইউনিয়ন পরিষদের সদস্য ০১ জন অবশ্যই রাখতে হবে (২+১) | ০৩ জন | |
| | | | | মোট | ০৫ জন |

নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ পূর্বক কাজটি বাস্তবায়ন করতে হবেঃ

- উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ারের সহযোগিতায় সরেজমিনে পরিমাপ গ্রহণ পূর্বক প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করতে হবে।
- দাখিলকৃত PIC কমিটি ও প্রাক্কলন অনুমোদিত হওয়ার পর সভাপতির মোবাইল নম্বরসহ ১ম কিস্তির অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন।
- প্রকল্প কমিটির সভাপতি ও সদস্য-সচিবের দুই কপি পাসপোর্ট আকারের ছবি এবং আইডি কার্ড (ফটোকপি) এবং প্রকল্পের কাজ শুরু পূর্বের ছবি এবং কাজ সমাপ্ত করার পরের ছবি দাখিল করতে হবে।
- প্রকল্প স্থানে একটি সাইনবোর্ড লটকাতে হবে যাতে প্রকল্পটির নাম, প্রাক্কলিত ব্যয়, বাস্তবায়ন প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।
- ১ম কিস্তির গৃহীত অর্থ দ্বারা অনুমোদিত প্রাক্কলন ও নকশা অনুযায়ী কাজ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।
- প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার অনিয়ম, অর্থ আত্মসাৎ ও দুর্নীতি পরিলক্ষিত হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রকল্পের অনুকূলে সভাপতি ও সদস্য সচিবের যৌথ ব্যাংক হিসাব থাকতে হবে।
- একই ব্যক্তি একাধিক প্রকল্পের PIC কমিটির সভাপতি থাকতে পারবে না।

চূড়ান্ত বিলের জন্য আবেদনের সঙ্গে নিম্নলিখিত তথ্য দাখিল করতে হবে :

- সম্পাদিত কাজের সাইনবোর্ডসহ রসিদ ছবি চূড়ান্ত কিস্তির ভাউচারের সাথে প্রদান করতে হবে।
- অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী যাবতীয় কাজ যথাযথভাবে সমাপ্তির পর ১ম কিস্তিতে গ্রহণকৃত অগ্রীম অর্থের অনুকূলে খরচকৃত ভাউচার সমন্বয়ের জন্য একটি আবেদন এবং ২য় কিস্তির জন্য অবশিষ্ট টাকা (চূড়ান্ত বিল) পাওয়ার জন্য পৃথকভাবে একটি আবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট বরাবর দাখিল করতে হবে। (প্রতিটি ভাউচার PIC এর সভাপতি ও সদস্য সচিবকে সীলসহ স্বাক্ষর করতে হবে)।
- দৈনিক ভিত্তিতে কর্মরত (যদি থাকে) শ্রমিকদের মাস্টার রোল সংশ্লিষ্টদের স্বাক্ষর সহ (১ম কিস্তি ও অবশিষ্ট টাকার জন্য পৃথকভাবে) কাজটি থাযথভাবে সমাপ্তির পর উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার দ্বারা সরেজমিনে পরিমাপ গ্রহণের ব্যবস্থা করতে হবে এবং কাজের গুণগত মানের বিষয়ে মতামত সহ প্রতিবেদন দাখিল করতে হবে।
- উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার মতামত প্রাপ্তির পর প্রধান নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী প্রয়োজন বোধে সরেজমিনে প্রকল্প পরিদর্শন করে বিল দাখিল করতে হবে।



(মোঃ শহিদুল আলম)
সহকারী প্রকৌশলী

জেলা পরিষদ, বাগেরহাট।

প্রাপক : সভাপতি/সদস্য সচিব/সুপার

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
- সার্ভেয়ার, জেলা পরিষদ, বাগেরহাট। তাঁকে প্রকল্প কমিটির সাথে যোগাযোগ করে সরেজমিনে মাপ গ্রহণ করে প্রাক্কলন প্রস্তুত করণসহ প্রাক্কলন অনুযায়ী কাজটি যথাসময়ে বাস্তবায়নে সার্বিক সহায়তা করার জন্য দায়িত্ব প্রদান করা হলো। এবং যোগাযোগের মাধ্যম ০১৭১৭-৭২৭০০১
- জনাব পলাশ কুমার পাল, নিম্নমান সহকারী কে উক্ত পত্রটি জেলা পরিষদ ওয়েব সাইটে আপলোড দেওয়ার জন্য বলা হলো।
- অফিস কপি।


২০/১১/২০২৩